

# মাদিবারা মরে না

আজাদ আলম

(দক্ষিণ আফ্রিকার কিংবদন্তী নেতা নেলসন মেন্ডেলার গোত্রীয় নাম মাদিবা। তিনি আজ লোকান্তরিত তবে তাঁর বলিষ্ঠ সাম্যবাদী নীতি শান্তিকামী মানুষের অন্তরে অন্তরে প্রথিত)

মাদিবা, কে বলে তুমি আজ লোকান্তরিত  
মাদিবা, কে বলে তুমি আজ নিখর মৃত  
মৃত্যু তোমাকে কখনো ছুঁতে পারে না মাদিবা  
উত্তাল যৌবনের সংগ্রামী সময়ে মরণ যেমন ছোঁয় নি তোমাকে,  
দীর্ঘ ২৭ বছর, ভয়ঙ্কর রবীন আইল্যান্ডে  
সাদা মানুষের তৈরি কালো কুঠুরি যেমন তোমাকে মারতে পারে নি  
শ্বাসরুদ্ধ হয়ে মরেনি তোমার বর্ণ বিদ্বেষী আন্দোলনের তীব্রতা  
ধর্ম, বর্ণ, গোত্র-বাদের উর্ধ্ব উভটীন রেখেছিলে সমতার পতাকা  
জন্ম দিয়েই ছেড়েছো তোমার স্বপ্নের রামধনু দেশ  
তেমনি নির্ভীক প্রশান্তচিত্তে জয় করেছো তুমি মরণের অধ্যাদেশ  
তাইতো তোমার দেহের পাশে সাদা কালো মানুষের এত সমাবেশ।

মাদিবা তুমি মরনি, তোমার অমর বাণীর মতই তুমি  
জীবন্ত সदा উজ্জীবিত  
“আমি শুধু শ্বেতাঙ্গদের বিরুদ্ধে যুদ্ধ করি নি ,  
যেমন করি নি শুধু কৃষ্ণাঙ্গের মুক্তির জন্য।  
আমার যুদ্ধ সেখানেই প্রসারিত যেখানে ভুলঠিত সাম্যবাদ মানবতা,  
যেখানে হানা দিয়েছে বর্ণবাদের বর্বর থাবা  
আমি সেখানেই দুর্বীর, সোচ্চার আমার অনির্বাণ বারতা। ”

কি অপূর্ব মিল তোমার দর্শনের সাথে আমার প্রিয় মহাপুরুষের  
আরাফার ময়দানে শেষ ভাষণের আহবান,  
“হে মানব সকল,  
মনে রেখ, আরবরা উৎকৃষ্ট নয় অনারব থেকে  
যেমন নয় শ্বেতাঙ্গরা কৃষ্ণাঙ্গ থেকে।”

কি অকাট্য মিল আমার প্রিয় নেতা মুজিবের বিপ্লবী কণ্ঠের সাথে তোমার কণ্ঠস্বরের,  
"বাংলার মানুষেরা মুক্তি চায়  
বাংলার মানুষ চায় বাঁচার সমান অধিকার "।

মাদিবা, মুজিবেরা মরে না যেমন মরবেনা তুমি  
মরেনা নুর হোসেনেরা, সাধারণ জনতা মুক্তিকামী,  
"স্বৈরাচার নিপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক"  
স্লোগান রঞ্জিত করেন যারা বুকের তাজা রক্ত দিয়ে,  
যাবজ্জীবন কারাবরণ করেন যারা জীবনের ঝুঁকি নিয়ে  
তারা কখনই মরে না, মরতে পারে না, মাদিবা।

বেঁচে থাকবেই তুমি, বেঁচে থাকবে তোমার ঐতিহাসিক সাম্যবাদ  
বিশ্বের সাত শ কোটি জনতার স্লোগান হবেই “আমরা অহিংস জাত”।